ক্ষুব্ধ সতীর্থরা একঘরে করলেন পর্তুগিজ তারকাকে

প্র্যাকটিস ছেড়ে শোরুমে রোনাল্ডো

তুরিন, ১৩ মে : জুভেন্তাসের জার্সি গায়ে ১০০তম গোলের দেখা পেয়েছেন। গোল করে দলকে জিতিয়েছেন সাসুলোর বিরুদ্ধে। তার পরেও বিতর্ক মিটছে না ক্রিশ্চিয়ানো রোনাল্ডোকে ঘিরে।

এবার জুভেন্তাসের ড্রেসিংরুমে একঘরে করা হল সিআর সেভেনকে। করলেন তাঁর সতীর্থরা। অপরাধ? এসি মিলানের কাছে ০-৩ গোলে হারের পর অনুশীলন বাদ দিয়ে রোনাল্ডো ছুটেছিলেন শোরুমে। উদ্দেশ্য ছিল,

> **“রোনাল্ডো যাতে স্পোর্টিং লিসবনে ফেরে সেই বিষয়ে আমি ওর সঙ্গে কথা বলব।**
>
> **–ডোলোরেস আভেইরো**
> *ক্রিশ্চিয়ানো রোনাল্ডোর মা*

সদ্য কেনা ১.৪ মিলিয়ন পাউন্ডের ফেরারি মাঞ্জা ঘরে আনা। ৩৬ বছরের পর্তুগিজ তারকার এমন অপেশাদারি মনোভাবে অবাক ক্লাব সভাপতি আন্দ্রে অ্যাঞ্জেলি থেকে ফুটবলাররা।

চলতি মরশুমে হতশ্রী পারফরমেন্স তুরিনের ওল্ড লেডির। সিরি আ-তে বাকি আর মাত্র দুই ম্যাচ। এখনও নিশ্চিত নয় জুভেন্তাসের চ্যাম্পিয়ন্স লিগে খেলার ভাগ্য। শেষ দুই ম্যাচে জিততে হবে রোনাল্ডোদের। সঙ্গে পয়েন্ট খোয়াতে হবে লিগ টেবিলের চতুর্থ স্থানে থাকা নাপোলিকে। তবেই পরেরবার চ্যাম্পিয়ন্স লিগের শিকে ছিঁড়বে আন্দ্রে পিরলোর দলের।

ক্লাবের দুঃসময়ে রোনাল্ডোর দায়সারা মনোভাব দৃষ্টি আকর্ষণ করেছে সমর্থকদের। চ্যাম্পিয়ন্স লিগের খেলার সুযোগ হাতছাড়া হলে রোনাল্ডো জুভেন্তাস ছাড়বেন, তা একপ্রকার স্পষ্ট। চলতি মরশুমে সিরি আ-তে ২৮ গোল করা রোনাল্ডোকে পেতে ইতিমধ্যে আগ্রহ দেখিয়েছে প্যারিস সাঁ জাঁ, ম্যাঞ্চেস্টার ইউনাইটেড। পাশাপাশি স্পোর্টিং লিসবনে তাঁর প্রত্যাবর্তনের সম্ভাবনাও উড়িয়ে দেওয়া যাচ্ছে না। সিআর সেভেনের মা ডোলোরেস আভেইরোও ছেলেকে লিসবনে দেখতে চাইছেন। দুইদিন আগেই ১৯ বছর পর পর্তুগালের প্রথম ডিভিশন টুর্নামেন্ট প্রিমিয়ারা লিগা জিতেছে রোনাল্ডোর শৈশবের ক্লাব স্পোর্টিং লিসবন। জুভেন্তাস আগামী মরশুমে চ্যাম্পিয়ন্স লিগের যোগ্যতা অর্জন করতে না পারলে তুরিন ছাড়া একপ্রকার নিশ্চিত রোনাল্ডোর। যার ফলেই পর্তুগিজ তারকা মা বলেছেন, ‘রোনাল্ডো যাতে স্পোর্টিং লিসবনে ফেরে সেই বিষয়ে আমি ওর সঙ্গে কথা বলব।’ সবমিলিয়ে জুভেন্তাসে রোনাল্ডোর ভবিষ্যৎ অনিশ্চয়তার মুখে।

অনুশীলনে ডুব দিয়ে ফেরারির শোরুমে ক্রিশ্চিয়ানো রোনাল্ডো। যা নিয়ে উত্তাল জুভেন্তাসের ড্রেসিংরুম। –ইনস্টাগ্রাম

উত্তরসূরির দৌড়ে রাউল, আলেগ্রি

রিয়াল ছাড়তে চান জিদান

মাদ্রিদ, ১৩ মে : চলতি মরশুম শেষে পদত্যাগ করবেন। একপ্রকার মনস্থির করে ফেলেছেন রিয়াল মাদ্রিদ কোচ জিনেদিন জিদান।

ফরাসি প্রশিক্ষকের মনোভাব স্পষ্ট হতেই নড়েচড়ে বসেছে রিয়াল ম্যানেজমেন্ট। যেনতেনপ্রকারেণ ‘জিজু’ -কে ধরে রাখতে মরিয়া ক্লাব সভাপতি ফ্লোরেন্তিনো পেরেজ। তবে একান্ত ব্যর্থ হলে জিদানের বিকল্প কে হবেন, সেই ভাবনাচিন্তা শুরু করে দিয়েছে রিয়াল শিবির। তাদের নোটবুকে দুটো নাম- ম্যাসিমিলিয়ানো আলেগ্রি ও রাউল গঞ্জালেজ।

জিদানের কোচিংয়ে এখনও লা লিগা জয়ের সুযোগ রয়েছে লস ব্ল্যাঙ্কোজের। গ্রানাডা ম্যাচ সহ বাকি দুটিতে জিততে হবে রিয়ালকে। আর পয়েন্ট নষ্ট করতে হবে শীর্ষে থাকা অ্যাটলেটিকোকে। সেই সহজ অঙ্কেই লা লিগা খেতাব ধরে রাখা সম্ভব জিদানবাহিনীর। সেই লক্ষ্যপূরণ করেই রিয়াল ছাড়তে আগ্রহী ফরাসি ফুটবল কিংবদন্তি। তাঁর কাছে প্রস্তাব রয়েছে জুভেন্তাসের। পাশাপাশি ইউরো কাপ শেষে দিদিয়ের দেশঁর জায়গায় ফ্রান্সের জাতীয় দলের কোচের পদে জিদানের অভিষেকের সম্ভাবনাও উড়িয়ে দেওয়া যাচ্ছে না।

এদিকে, রিয়াল সাজঘরে মার্সেলোর সঙ্গে জিদানের ঝামেলা তাঁর রিয়াল ছাড়ার জল্পনা আরও জোরালো করেছে। গ্রানাডা ম্যাচে ১৮ জনের দলে ব্রাজিলিয়ান সাইডব্যাককে রাখেননি বিরক্ত জিদান। দলের বেশ কিছু সিনিয়ার ফুটবলারের সঙ্গেও তাঁর মতানৈক্য প্রকট। সবমিলিয়ে চাপ বাড়ছে জিজুর ওপর।

আগামী মরশুমে রিয়ালে দেখা যাবে জিদানকে? লাখ টাকার প্রশ্ন সেটাই।

থাকতে পারবেন ১২ হাজার দর্শক

চ্যাম্পিয়ন্স লিগের ফাইনাল পর্তুগালেই

নিও, ১৩ মে : পূর্বাভাস ছিলই। প্রত্যাশামতোই আসন্ন চ্যাম্পিয়ন্স লিগের ফাইনাল ইস্তানবুল থেকে সরে গেল। তার বদলে চেলসি বনাম ম্যাঞ্চেস্টার সিটির খেতাবি যুদ্ধ পর্তুগালের এস্তাদিও দো দ্রাগাওয়ে হবে। যা পোর্তোর ঘরের মাঠ। করোনা আতঙ্কে গতবারের ফাইনালও ইস্তানবুল থেকে সরে গিয়েছিল। বদলে তা হয়েছিল লিসবনে। গতবারের মেগা ম্যাচ লিসবনে দর্শকশূন্য হলেও আসন্ন ফাইনালে ১২ হাজার দর্শককে মাঠে ঢোকার অনুমতি দেওয়া হয়েছে। করোনা আতঙ্কে ইংল্যান্ডের সরকারের লাল তালিকায় ঠাঁই হয়েছে তুরস্কের। উড়ান নিষেধাজ্ঞা রয়েছে। যার জন্যই উয়েফা চ্যাম্পিয়ন্স লিগের ফাইনাল ইস্তানবুল থেকে সরাতে বাধ্য হল। ওয়েম্বলি স্টেডিয়ামেও এবারের চ্যাম্পিয়ন্স লিগের অল ইংল্যান্ড ফাইনাল আয়োজনের পরিকল্পনা ছিল উয়েফার। কিন্তু ফাইনাল উপলক্ষ্যে অতিথি ও ব্রডকাস্ট টিমের সদস্যদের হার্ড কোয়ারান্টিনে থাকতে হবে। তবে পর্তুগাল ফেরতদের ইংল্যান্ড সরকার কোয়ারান্টিনের নিয়ম রাখেনি। যার জন্যই পোর্তোর ঘরের মাঠকে বেছে নেওয়া হয়েছে।

UEFA CHAMPIONS LEAGUE

ফের মিতালিদের কোচ ‘বিতর্কিত’ রমেশ পাওয়ার

মুম্বই, ১৩ মে : তিন বছরের মাথায় ভারতীয় মহিলা দলের হেড কোচ হিসেবে প্রত্যাবর্তন ঘটল রমেশ পাওয়ারের। ডব্লিউভি রামনের জায়গায় দায়িত্বে এলেন তিনি।

২০১৮ সালে মহিলাদের টি২০ বিশ্বকাপে ভারতের কোচ ছিলেন এই প্রাক্তন অফস্পিনার। টুর্নামেন্ট চলাকালীন দলের সিনিয়ার ক্রিকেটার মিতালি রাজের সঙ্গে ঝামেলায় জড়িয়ে পড়েন পাওয়ার। বিশ্বকাপের সেমিফাইনালে মিতালিকে দলে না রাখা নিয়ে বিতর্ক তৈরি হয়েছিল। সেই সেমিফাইনালে হেরে বিশ্বকাপ থেকে ছিটকে যায় ভারত। তারপর ক্ষুব্ধ মিতালি বিসিসিআইয়ের কাছে পাওয়ারের বিরুদ্ধে অভিযোগ করেন। যার জেরে বরখাস্ত হন ৪২ বছরের রমেশ।

বৃহস্পতিবার মদন লালের নেতৃত্বাধীন ভারতীয় ক্রিকেট কন্ট্রোল বোর্ডের অ্যাডভাইজারি কমিটি আটজন পদপ্রার্থীর মধ্যে থেকে বেছে নেন পাওয়ারকে। তাঁর সঙ্গে মিতালি, হরমনপ্রীত কাউরদের কোচের দৌড়ে ছিলেন প্রাক্তন উইকেটরক্ষক অজয় রাতরা, প্রাক্তন মুখ্য নির্বাচক হেমলতা কালা। ছিলেন সদ্য প্রাক্তন হয়ে যাওয়া রামনও। সামনেই ইংল্যান্ড সফরে যাচ্ছেন মিতালি, স্মৃতি মান্ধানারা। সেখানে ভারতীয় মহিলা দলের কোচ হিসেবে নিজের ‘দ্বিতীয় ইনিংস’ শুরু করবেন পাওয়ার। তবে পরের বছর নিউজিল্যান্ডে ওডিআই বিশ্বকাপ ও তার আগে অস্ট্রেলিয়া সফরের কঠিন চ্যালেঞ্জ অপেক্ষা করছে পাওয়ারের জন্য।

চিকিৎসা শুরু হয়েছে যুযবেন্দ্র চাহালের বাবা-মায়ের।

করোনা আক্রান্ত চাহালের বাবা-মা

নয়াদিল্লি, ১৩ মে : চাহাল পরিবারেও এবার করোনা হানা। সংক্রামিত হলেন টিম ইন্ডিয়ার রিস্ট স্পিনার যুযবেন্দ্র চাহালের বাবা ও মা। দুজনেরই ভালোরকম করোনা উপসর্গ রয়েছে। ভারতীয় লেগ স্পিনারের মা অনেকটা স্থিতিশীল। তাঁর চিকিৎসা চলছে বাড়িতেই। কিন্তু চাহালের বাবার শ্বাসকষ্টজনিত সমস্যার কারণে তাঁকে হাসপাতালে ভর্তি করতে হয়েছে। টিম ইন্ডিয়ার লেগ স্পিনারের স্ত্রী ধনশ্রী আজ এই খবর জানিয়েছেন। সোশ্যাল দুনিয়ায় তিনি লিখেছেন, ‘আমার শ্বশুর-শাশুড়ির করোনা উপসর্গ ছিল। দুজনেরই রিপোর্ট পজিটিভ। শাশুড়ির চিকিৎসা বাড়িতেই হচ্ছে। কিন্তু শ্বশুরকে হাসপাতালে ভর্তি করতে হয়েছে। সবার কাছে অনুরোধ, বাড়িতে থাকুন। সুরক্ষিত থাকুন। পরিবারের যত্ন নিন।’ উল্লেখ্য, স্থগিত হয়ে যাওয়া চতুর্দশ আইপিএলের সময় প্রাক্তন ভারত অধিনায়ক মহেন্দ্র সিং ধোনির বাবা-মা করোনায় সংক্রামিত হয়ে রাঁচির হাসপাতালে ভর্তি হয়েছিলেন।

মাঠে ফিরলেন আর্চার

লন্ডন, ১৩ মে : চোটসমস্যা কাটিয়ে মাঠে ফিরলেন জোফ্রা আর্চার। বৃহস্পতিবার কাউন্টি চ্যাম্পিয়নশিপে কেন্টের বিরুদ্ধে সাসেক্সের হয়ে মাঠে নামেন ইংরেজ পেসার। ভারতের বিরুদ্ধে টি২০ সিরিজের পর আর খেলতে দেখা যায়নি আর্চারকে। আঙুলের চোটের জন্য ছিলেন না আইপিএলেও। জুনের শুরুতে নিউজিল্যান্ডের বিরুদ্ধে টেস্ট সিরিজ খেলবে ইংল্যান্ড। সেখানে খেলার ব্যাপারে আত্মবিশ্বাসী আর্চার। তবে তার আগে ইংরেজ পেসারের ফিটনেস পরখ করে নিতে চায় ইসিবি।

দুইয়ে অশ্বীন, পাঁচে বিরাট

টেস্টে র‍্যাংকিংয়ে শীর্ষস্থান ধরে রাখল টিম ইন্ডিয়া

দুবাই, ১৩ মে : আইসিসি টেস্ট র‍্যাংকিংয়ে নিজেদের শ্রেষ্ঠত্ব বজায় রাখল ভারতীয় ক্রিকেট দল। দ্বিতীয় স্থানে থাকা নিউজিল্যান্ড ব্যবধান কমালেও, শীর্ষস্থানে বিরাট কোহলি ব্রিগেড। আজ প্রকাশিত অ্যানুয়াল আপডেটে ১২১ পয়েন্ট নিয়ে বাকিদের পিছনে ফেলে দিয়েছে টিম ইন্ডিয়া। ঠিক ১ পয়েন্ট পিছনে সেকেন্ড বয় কেন উইলিয়ামসনের নিউজিল্যান্ড। বলার কথা, ১৮ জুন শুরু প্রথম টেস্ট চ্যাম্পিয়নশিপ ফাইনালে মুখোমুখি হবে এই দুই দল।

২০২০ সালের মে মাস থেকে হওয়া সমস্ত ম্যাচ ও আগের দুই বছরের অর্ধেক ম্যাচের ফলাফলের নিরিখে এই মূল্যায়ন। গত দুটি সিরিজে অস্ট্রেলিয়া ও ইংল্যান্ডকে হারানোর লাভ পেয়েছেন বিরাটরা। নতুন মূল্যায়নে ১ পয়েন্ট প্রাপ্তি। নিউজিল্যান্ড পেয়েছে ২ পয়েন্ট। তৃতীয় ও চতুর্থ স্থানে যথাক্রমে ইংল্যান্ড ও অস্ট্রেলিয়া। দুই দলের মধ্যেও পয়েন্টের ব্যবধানও ১। এক্ষেত্রে অ্যাসেজ প্রতিপক্ষ অস্ট্রেলিয়াকে (১০৮) টপকে তিনে উঠে এসেছে জো রুটের ইংল্যান্ড (১০৯)।

ঘরের মাঠে ভারতের কাছে হারের প্রতিফলন অজিদের র‍্যাংকিংয়ে। নতুন মূল্যায়নে তারা ৫ পয়েন্ট খুইয়েছে। ইংল্যান্ড যোগ করেছে ৩ পয়েন্ট। পাকিস্তান রয়েছে পঞ্চম স্থানে। ছয় নম্বরে ওয়েস্ট ইন্ডিজ। ২০১৩ সালের পর যা ক্যারিবিয়ানদের সেরা টেস্ট র‍্যাংকিং। উলটো ছবি দক্ষিণ আফ্রিকার। র‍্যাংকিং ইতিহাসে নিজেদের সর্বনিম্ন সাত নম্বর স্থানে রয়েছে তারা। শ্রীলঙ্কা ও বাংলাদেশ যথাক্রমে আট ও নয়ে।

ব্যাটিং বিভাগে শীর্ষস্থানে নিউজিল্যান্ড অধিনায়ক উইলিয়ামসন। স্টিভেন স্মিথ, মার্নাস লাবুশেন, জো রুট যথাক্রমে দুই, তিন ও চারে। অনেকটা পিছিয়ে বিরাট কোহলি সেরা পাঁচের শেষ স্থানে। রোহিত শর্মা ব্যাটসম্যানদের তালিকায় ছয় নম্বরে। সঙ্গী ঋষভ পন্থ ও নিউজিল্যান্ডের হেনরি নিকোলস। প্রসঙ্গত, প্রথম ভারতীয় উইকেটকিপার হিসেবে র‍্যাংকিংয়ে প্রথম দশে থাকার কৃতিত্ব গড়েছেন ঋষভ। বিরাটের টেস্ট ব্রিগেডের অন্যতম দুই স্তম্ভ চেতেশ্বর পূজারা ও আজিঙ্কা রাহানে রয়েছেন ১৪ ও ১৫তম স্থানে।

বোলিং বিভাগে এক নম্বর স্থান দখলে রেখেছেন প্যাট কামিন্স। ঠিক পিছনেই রবিচন্দ্রন অশ্বীন। বিগত সিরিজগুলিতে দুর্দান্ত বোলিংয়ের সুফল পেয়েছেন ভারতীয় অফস্পিনার। অশ্বীন ছাড়া আর কোনও ভারতীয় বোলার সেরা দশে জায়গা পাননি। জসপ্রীত বুমরাহ আছেন এগারোতে। অলরাউন্ডারদের শীর্ষে ওয়েস্ট ইন্ডিজ অধিনায়ক জেসন হোল্ডার। রবীন্দ্র জাদেজা ও অশ্বীন আছেন তিন ও চারে।

দ্রাবিড়ের পরামর্শ নিয়ে ইংল্যান্ড যাবেন অভিমন্যু

নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ১৩ মে : সময়টা ভালো যাচ্ছে না। ব্যাট হাতে রান পাচ্ছিলেন না সম্প্রতি। বাংলা দলের নেতৃত্বের দায়িত্ব সতীর্থ অনুষ্টুপ মজুমদারকে ছেড়ে দেওয়ার পরও ছবিটা বদলায়নি অভিমন্যু ঈশ্বরণের।

কিন্তু পরিশ্রম ছাড়েননি। নেটে দীর্ঘসময় পড়ে থেকেছেন। নিজের ক্রিকেট স্কিলের উন্নতি করার চেষ্টা প্রবলভাবে চালিয়ে যাচ্ছেন। আর সঙ্গে নিয়ে চলেছেন গুরুমন্ত্র!

অনূর্ধ্ব-১৯ ও ভারতীয় ‘এ’ দলের সদস্য হিসেবে কোচ রাহুল দ্রাবিড়কে কাছ থেকে দেখেছেন বঙ্গ ক্রিকেটের অভি। চেয়েছেন দ্রাবিড়ীয় সভ্যতার স্রোতে গা ভাসাতে। কিন্তু কাজটা তো সহজ নয়। একজন ক্রিকেটারের জীবনে সাফল্যের পাশে ব্যর্থতা আসবেই। আর ব্যর্থতার সময় নিজের ফোকাস ঠিক রাখাটাই সবচেয়ে বড় চ্যালেঞ্জ। কঠিন এই সময়ের মধ্যেই টিম ইন্ডিয়ার ইংল্যান্ড সফরের দলে স্ট্যান্ডবাই হিসেবে ফের সুযোগ পেয়েছেন অভিমন্যু। দল ঘোষণার পরই করোনার কঠিন সময়ে দুটো কাজ করেছেন তিনি। এক, অনুশীলনের সময় আরও বাড়িয়ে দিয়েছেন দেরাদুনের বাড়ির ক্রিকেট অ্যাকাডেমিতে। দুই, গুরু দ্রাবিড়ের সঙ্গে নিয়মিত যোগাযোগ রাখছেন। আজ সন্ধ্যার দিকে অভিমন্যুর সঙ্গে যোগাযোগ করা হলে তিনি উত্তরবঙ্গ সংবাদকে বলে দিলেন, ‘ভারতীয় দলে স্ট্যান্ডবাই হিসেবে আগেও ছিলাম। খুব কাছ থেকে বিরাট কোহলি, রোহিত শর্মাদের দেখেছি। চেষ্টা করেছি শেখার। অভিজ্ঞতাও বেড়েছে ক্রিকেটার হিসেবে। কিন্তু সবকিছুর পর আমি রাহুল স্যারের সঙ্গে নিয়মিত যোগাযোগ রাখি। ওনার পরামর্শ আমার কেরিয়ারের সম্পদ। ইংল্যান্ডের দল ঘোষণার দিন থেকেই ওনার সঙ্গে বিলেত সফর নিয়ে আলোচনা করছি মোবাইলে।’

স্ট্যান্ডবাই থেকে জাতীয় দল, অস্ট্রেলিয়া সফরে থঙ্গরাসু নটরাজন-মহম্মদ সিরাজদের উত্থানের কথা সবার জানা। অভিমন্যু অবশ্য ইংল্যান্ড সিরিজের জন্য এখনই এমন স্বপ্ন দেখতে চান না। বরং বাস্তবের মাটিতে পা রেখে তিনি বলেন, ‘প্রথম একাদশে সুযোগ এলে আমি তৈরি সেরাটা উজাড় করে দিতে। কিন্তু অন্য কার সঙ্গে কীভাবে কী হয়েছে, সেসব নিয়ে আমি ভাবতে রাজি নই। এটুকু বলতে পারি, মানসিকভাবে অনেকদিনই আমি তৈরি হয়ে রয়েছি। আর রাহুল স্যারের থেকে জেনে নিয়েছি, ইংল্যান্ডে কীভাবে পারফর্ম করতে হবে। উনি আমার আদর্শ। সবার ক্রিকেট কেরিয়ারের পথটা একইরকম হয় না।’

ফোর্বসের তালিকায় মেসি টপকে গেলেন সিআর সেভেনকে

ওয়াশিংটন, ১৩ মে : বিখ্যাত ম্যাগাজিন ফোর্বসের ধনীতম অ্যাথলিটের তালিকায় চিরপ্রতিদ্বন্দ্বী ক্রিশ্চিয়ানো রোনাল্ডোকে টপকে গেলেন লিওনেল মেসি। সেরার সম্মান পেলেন আয়ারল্যান্ডের তারকা বক্সার কোনর ম্যাকগ্রেগর। ফোর্বসের হিসেব অনুযায়ী, গত এক বছরে ম্যাকগ্রেগর ১৮০ মিলিয়ন ডলার উপার্জন করেছেন। যার মধ্যে এনডোর্সমেন্ট বাবদ রয়েছে ১৫৮ মিলিয়ন ডলার। সম্প্রতি ম্যাকগ্রেগর নিজের মদের কোম্পানির কিছু শেয়ার বিক্রি করেছিলেন। সেখান থেকেও বেশ মোটা টাকা এই বক্সারের ঘরে ঢুকেছে। দ্বিতীয় স্থানে রয়েছেন বার্সেলোনার নয়নের মণি মেসি। গত এক বছরে তাঁর উপার্জন ১৩০ মিলিয়ন ডলার। তৃতীয় স্থানে পাঁচবারের ব্যালন ডি’অর জয়ী রোনাল্ডো। গত ১২ মাসে সিআর সেভেনের ঘরে এসেছে ১২০ মিলিয়ন ডলার।

পোলার্ডের আবির্ভাব রহস্য ফাঁস ব্রাভোর

মুম্বই, ১৩ মে : আইপিএলে মুম্বই ইন্ডিয়ান্স জার্সি গায়ে কায়রন পোলার্ডের আবির্ভাবের গল্প। আর সেই নাটকীয় কাহিনি ফাঁস করলেন তাঁর ক্যারিবিয়ান সতীর্থ ডোয়েন ব্রাভো।

২০০৯ সালে মুম্বই ইন্ডিয়ান্সে যোগ দেন পোলার্ড। তাদের পোলার্ড প্রাপ্তির পিছনে সবচেয়ে বড় ভূমিকা ছিল ব্রাভো। তিনিই ওয়েস্ট ইন্ডিজ অলরাউন্ডারের নাম সুপারিশ করেন টিম ম্যানেজমেন্টের সামনে। ব্রাভো বলেছেন, ‘আমার পরিবর্ত খুঁজছিল মুম্বই ইন্ডিয়ান্স। আমি তখন কায়রন পোলার্ডের নাম বলি।’ তবে অন্য একটি ক্লাবের সঙ্গে চুক্তি থাকার জন্য পোলার্ডকে সে যাত্রায় দলে পায়নি মুম্বই।

২০০৯ সালে ক্রিকেট চ্যাম্পিয়ন্স লিগ চলাকালীন হায়দরাবাদে আসেন পোলার্ড। সেই সময় তাঁর সঙ্গে মুম্বই ইন্ডিয়ান্সের কর্তাদের যোগাযোগ করিয়ে দেন ব্রাভো। চেন্নাই সুপার কিংস তারকার কথায়, ‘আমি রাহুল (সাংভি) ও রবিনকে (সিং) আসতে বলি। ওরা সঙ্গে চুক্তিপত্র এনেছিল। চুক্তির অঙ্ক ছিল ২ লাখ মার্কিন ডলার। টাকার পরিমাণ দেখে অবাক হয়ে গিয়েছিল পোলার্ড।’ বর্তমান সময়ে পোলার্ডকে ছাড়া মুম্বই ইন্ডিয়ান্সের প্রথম একাদশ বাছা কঠিন বলে সাফ জানান ব্রাভো।

লা লিগার আরও কাছে অ্যাটলেটিকো

মাদ্রিদ, ১৩ মে : লিগের লড়াইয়ে চিরপ্রতিদ্বন্দ্বী রিয়াল মাদ্রিদ, বার্সেলোনার থেকে দূরত্ব বাড়াল অ্যাটলেটিকো মাদ্রিদ।

বুধবার ওয়ান্ডা মেট্রোপলিটানোয় রিয়াল সোসিয়েদাদকে ২-১ গোলে হারালেন দিয়েগো সিমিওনের ছেলেরা। ম্যাচের ১৬ মিনিটে ইয়ানিক ক্যারাসকোর গোলে এগিয়ে যায় অ্যাটলেটিকো। ২৮ মিনিটে ব্যবধান বাড়ান অ্যাঞ্জেল কোরেয়া। তবে একপেশে নয়, বেশ লড়েই জিততে হল লুইস সুয়ারেজদের। অ্যাটলেটির গোলদুর্গে জান ওব্লাক দুর্ভেদ্য হয়ে না উঠলে পয়েন্ট খোয়াতে পারত রোজি ব্ল্যাঙ্কোজরা। ৮৩ মিনিটে ইগর জুবেলদিয়া ব্যবধান কমিয়ে রক্তচাপ বাড়িয়ে দিয়েছিলেন অ্যাটলেটিকো সমর্থকদের। তবে রেফারির শেষ বাঁশি বাজতেই খুশির জোয়ার ওয়ান্ডা মেট্রোপলিটানোজুড়ে। ম্যাচের পর কোচ সিমিওনে বলেন, ‘ম্যাচের শেষের দিকে গোলহজম চিন্তা বাড়িয়ে দিয়েছিল। মরশুমের শেষ পর্যায়ে এখন প্রতিটি ম্যাচ ভীষণ গুরুত্বপূর্ণ। এই পর্যায়ে পয়েন্ট নষ্ট করলে খেতাব জয়ের দৌড় থেকে পিছিয়ে পড়তে হবে।’

বুধবার ম্যাচের আগে অ্যাটলেটিকোর বিপুল সমর্থক ভিড় জমিয়েছিলেন স্টেডিয়াম চত্বরে। ম্যাচ জয়ের পর খেতাব জয়ের গন্ধ পেতে শুরু করেছেন তাঁরা। ৩৬ ম্যাচে ৮০ পয়েন্ট লা লিগার শীর্ষে থাকা অ্যাটলেটিকো মাদ্রিদের। তিন নম্বরে থাকা রিয়াল মাদ্রিদের থেকে ৫ পয়েন্টে এগিয়ে তারা। দুই নম্বরে থাকা বার্সেলোনা সঙ্গে পয়েন্টের ব্যবধান চার। সুয়ারেজদের বাকি আর দুই ম্যাচ। তার আগে রিয়াল (৩৫ ম্যাচে ৭৬ পয়েন্ট) গ্রানাডা ম্যাচে পয়েন্ট নষ্ট করলে লিগ জয়ের সুবর্ণ সুযোগ চলে আসবে সিমিওনের দলের সামনে। সেক্ষেত্রে রবিবার ওসাসুনাকে হারালেই সাত বছর পর লা লিগা চ্যাম্পিয়ন হবে অ্যাটলেটিকো।

২০০, ৫০০, ৩০০ ম্যাচের স্মারক নিয়ে স্টেফান স্যাভিচ, কোকে ও জান ওব্লাক।

আত্মজীবনী লিখছেন রায়না

নয়াদিল্লি, ১৩ মে : নিজের ক্রিকেট জীবনের স্মৃতিকে কেন্দ্র করে বই লিখছেন সুরেশ রায়না। ২৪ মে প্রকাশ পাবে সেই স্মৃতিচারণমূলক সেই গ্রন্থ। নাম ‘বিলিভ’। ইনস্টাগ্রামে নিজের অনুগামীদের সেই সুসংবাদ দিয়েছেন চেন্নাই সুপার কিংস তারকা। ২০০5 সালে রাহুল দ্রাবিড়ের অধিনায়কত্বে আন্তর্জাতিক ক্রিকেট মঞ্চে আর্বিভাব ঘটেছিল রায়নার। গত বছর ১৫ অগাস্ট ‘প্রিয় মাহি ভাই’-এর সঙ্গে আন্তর্জাতিক ক্রিকেটকে বিদায় জানিয়েছিলেন তিনি। আইপিএল মঞ্চেও নিজের ছাপ রেখেছেন ৩৪ বছরের এই বাঁহাতি ব্যাটসম্যান। চেন্নাই সুপার কিংসের হয়ে আইপিএল জিতেছেন। নিজের ক্রিকেট জীবনের নানা ঘটনা স্থান পেয়েছে তাঁর স্মৃতিচারণামূলক গ্রন্থ ‘বিলিভ’-এ। এই বিষয়ে তাঁকে সাহায্য করেছেন বিশিষ্ট ক্রীড়া সাংবাদিক ভরত সুন্দরেশন।

সিরিজ হারে অজিদের নয়া অজুহাত

ভারতের ‘সাইড শো’ নাকি মনঃসংযোগ বিগড়ে দেয় পেইনদের!

সিডনি, ১৩ মে : মাঝের মাস চারেকে পারিপার্শ্বিক ছবি অনেকটাই বদলেছে।

করোনার দ্বিতীয় ঢেউয়ে টালমাটাল ভারত। স্থগিত চতুর্দশ আইপিএল। যদিও বছরের গোড়ায় ভারতের কাছে টেস্ট সিরিজ হার কিছুতেই মন থেকে মুছে ফেলতে পারছে না অস্ট্রেলীয়রা। দ্বিতীয় সারির ভারতীয় দলের কাছে হারের যন্ত্রণা এখনও কুড়েকুড়ে খাচ্ছে।

গতকাল এই প্রসঙ্গে অধিনায়ক টিম পেইনকে কাঠগড়ায় তুলেছিলেন স্টিভ ওয়া। বলেছিলেন, প্ল্যান ‘বি’, ‘সি’ না থাকার খেসারত দিয়েছে অস্ট্রেলিয়া। এদিন তারই জবাবে পেইন পুরো দোষটা চাপিয়ে দিলেন ভারতীয় দলের কাঁধে। টিম পেইনের অদ্ভুত দাবি, আজিঙ্কা রাহানেদের অক্রিকেটীয় ইশ্যু তৈরি, ‘সাইড শো’ অজিদের ফোকাস নড়িয়ে দেয়। ভারতের কাছে হারের সেটাই নাকি অন্যতম কারণ।

টিম পেইন বলেছেন, ‘ভারতের বিরুদ্ধে খেলা অন্যরকম চ্যালেঞ্জ। ওরা আমাদের মনকে মাঠের বাইরে ঘুরিয়ে দিয়েছিল। অপ্রয়োজনীয় বিষয় নিয়ে কথা বলে আমাদের বিভ্রান্ত করে দেয়। আমরাও সেই ফাঁদে পা দিয়েছিলাম। তার জন্যই সিরিজ হারতে হয়।’

উদাহরণ হিসেবে ব্রিসবেনে খেলা নিয়ে ভারতের আপত্তির কথা তুলে ধরেন। টিম পেইনের যুক্তি, ‘এর বড়ো উদাহরণ গাব্বা টেস্ট নিয়ে তৈরি অনিশ্চয়তা। ভারত প্রথমে খেলতে চায়নি ওখানে। ফলে ম্যাচটা কোথায় হবে, আমরা বুঝতেই পারছিলাম না। শেষ মুহূর্ত পর্যন্ত অপেক্ষা করতে হয়। ভারতীয় দল এই পার্শ্ব নাটকে পারদর্শী। ওদের এই সাইড শো আমাদের ফোকাস নড়িয়ে দেয়।’ প্রসঙ্গত, ব্রিসবেনে জিতে সিরিজ পকেটে পোরে ভারত।

এদিকে, স্টিভেন স্মিথকে পুনরায় অধিনায়ক করার ভাবনাকে সমর্থন জানিয়েছেন পেইন। আগামী অ্যাসেজের পরই সম্ভবত সরছেন পেইন। বিকল্প কে, তা নিয়ে জোর জল্পনায় পেইন বলেন, ‘আমি যতটুকু খেলেছি স্মিথের নেতৃত্ব, তাতে পরিষ্কার, ও বিশ্বের অন্যতম সেরা। খুব অল্প বয়সে অধিনায়ক হয়। ক্রমশও পরিণত হয়ে ওঠে। আবার ওকে অধিনায়ক করা হবে কিনা, সেই সিদ্ধান্ত আমার হাতে নেই। তবে স্মিথকে দায়িত্ব দেওয়া হলে, সেই সিদ্ধান্তকে সমর্থন করব।’ প্রসঙ্গত, ২০১৮ বল বিকৃতি কাণ্ডের পর নেতৃত্ব থেকে সরিয়ে দেওয়া হয় স্মিথকে।

অজুহাতের ভুলভুলাইয়ায় পেইন

- মাঠের বাইরের ঘটনার দিকে ভারত আমাদের মন ঘুরিয়ে দিয়েছিল।
- অপ্রয়োজনীয় বিষয় নিয়ে কথা বলে আমাদের বিভ্রান্ত করে দেয়।
- গাব্বায় টেস্ট খেলা নিয়ে শেষ মুহূর্ত পর্যন্ত ভারতীয় দল অনিশ্চয়তা বজায় রেখেছিল।

টিম পেইন